

Times Today BD

তৌহিদুল ইসলাম | জেলার খবর | 29 March, 2025

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি সদর ইউনিয়নের চাকঢালা সীমান্তে স্থলমাইন বিস্ফোরণে মোহাম্মদ সালাম (৪৫) নামের এক বিএনপি নেতার বাম পা ক্ষত-বিক্ষত হয়েছে।

শনিবার (২৯ মার্চ) দুপুরে বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের চাকঢালা ৪৪ নং সীমান্ত পিলারের ওপারে মিয়ানমারের অভ্যন্তরে এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন নাইক্ষ্যংছড়ি থানার ওসি মো: মাসরুরুল হক।

আহত মোহাম্মদ সালাম নাইক্ষ্যংছড়ির চাকঢালা ওয়ার্ড বিএনপির সভাপতি।

ওসি জানিয়েছেন, আহত ব্যক্তি লাকরি কাঠার জন্য অবৈধভাবে মিয়ানমারের অভ্যন্তরে প্রবেশ করলে দুর্ঘটনার কবলে পড়ে। তিনি বর্তমানে নাইক্ষ্যংছড়ি সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

সীমান্ত এলাকার লোকজন জানান, মিয়ানমারের ওপারে সীমান্ত দখলে নেওয়া বিদ্রোহী গোষ্ঠী আরকান আর্মি অ্যান্টি-পারসোনাল মাইন স্থাপন করে রেখেছে। মিয়ানমারের পুরান মাইজ্জা ক্যাম্পের দায়িত্বপূর্ণ আশেপাশের এলাকায় ওই মাইনের বিস্ফোরণে মোহাম্মদ সালাম আহত হন।

মাইন বিস্ফোরণ বিস্ফোরণ বিএনপি ক্ষত-বিক্ষত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:01

URL: <https://www.timestodaybd.com/public/countrywide/775807178>